

কর্মসূচী ২.৫^১

তরুণ গৃহকর্মীদের সংগঠিত করা^২

রোল প্লে দৃশ্য

ভূমিকা^৩:

জাতীয় গৃহকর্মী অ্যাসোসিয়েশন জয়ল্যান্ড (এনডিডব্লিউএজে) এর সদস্যগণ^৪:

- পেমবা, বয়স ২২, প্রতিষ্ঠাতা সদস্য এবং এনডিডব্লিউএজে -এর একজন নেত্রী, ১৪ বছর বয়স থেকে গৃহকর্মী হিসেবে কাজ করে
- রিতা, বয়স ১৭, অভিবাসী, ১০ মাস যাবত সদস্য, ১৩ বছর বয়স থেকে গৃহকর্মী হিসেবে কাজ করে
- আহমেদ (পুরুষ), বয়স ২০, ২ বছর যাবত সদস্য, ১৬ বছর বয়স থেকে গৃহকর্মী হিসেবে কাজ করে

তরুণ গৃহকর্মী^৫:

- মালি, বয়স ২২, ১৫ বছর বয়স থেকে গৃহকর্মী হিসেবে কাজ করে
- করিমা, বয়স ১৬, ১৩ বছর বয়স থেকে গৃহকর্মী হিসেবে কাজ করে
- সফর্ন (পুরুষ), বয়স ১৫, অভিবাসী, ১২ বছর বয়স থেকে গৃহকর্মী হিসেবে কাজ করে

দৃশ্য^৬:

৩ জন এনডিডব্লিউএজে সদস্য পার্ক বা একটি মন্দির/ গির্জায় তরুণ গৃহকর্মীদের একটি গ্রুপের সাথে কথা বলে। পেমবা, যে এনডিডব্লিউএজে এর প্রতিষ্ঠার সময় হতে এর সদস্য হিসেবে আছে সে করিমা -কে চেনে এবং তারা একই গ্রামের। পেমবা এনডিডব্লিউএজে সম্পর্কে একটি কথোপকথনের মধ্যে করিমা এবং তার বন্ধুদের অন্তর্ভুক্ত করে, যেখানে সে তাদের এটিতে যোগদান করতে বলে। রিতা এবং আহমেদ এই সংস্থায় তাদের যোগদানের কারণ সম্পর্কে বলে এবং এটির সদস্য হওয়ার বিষয়টি কেমন তা জানায়। প্রত্যেক "সম্ভাব্য" সদস্য অন্তত একটি কারণ দেখায় যে কেন সে যোগ দিতে পারবে না বা চায় না। ৩ জন সদস্য তাদেরকে যোগদানের উপকারিতা সম্পর্কে বোঝায় এবং তাদের যুক্তির বিপরীতে যোগদানের পক্ষে যুক্তি দেখায়।

পটভূমির তথ্য^৭:

- এনডিডব্লিউএজে ৩ বছর আগে প্রতিষ্ঠিত হয়
- এটির ৩০০ জন সদস্য রয়েছে, দেশীও (২৫০ জন) এবং অভিবাসী (৫০ জন)
- অন্যান্য অনেক গৃহকর্মী সংগঠন এর মতো এটিও রেজিস্টারড নয় (নেতৃস্থানীয় ব্যক্তির এই বিষয়ে আলোচনা করছেন)

^১ Activity 2.5

^২ Organizing young domestic workers

^৩ ROLES

^৪ Members of the National Domestic Workers' Association of Joyland (NDWAJ)

^৫ Young domestic workers

^৬ Scene

^৭ Background information

-এর বিধিবিধান সদস্যদের জন্য সর্বনিম্ন বয়স নির্ধারণ করে না, যদিও এর বেশিরভাগ সদস্যই ১৮ বছর বয়সী বা তার বেশি।

- জয়ল্যান্ডে কাজ করার ন্যূনতম বয়স ১৮, তবে শিশু কিশোররা ১৪ বছর বয়স থেকে কাজ করতে পারে (শুধু “হালকা কাজ”)।



- সাম্প্রতিক সমীক্ষা অনুসারে, জয়ল্যান্ড এর ১০ লক্ষ গৃহকর্মীর এক-তৃতীয়াংশের বয়স ১৪-১৭ বছর।

পাচার এর উপর শিশু গৃহকর্মীগণ একটি পথ নাটিকা প্রদর্শন করছে, ভারত।

ছবির ক্রেডিট: ঝাড়খন্ড ঘারেলু কামগড় ইউনিয়ন